**RG-B(FL)**

Booklet Sl. No. B2330863

# ২০২৪

# বাংলা

## প্রথম ভাষা

**সময় — ৩ ঘণ্টা ১৫ মিনিট**

**প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য।**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান - ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান - ১০০]**

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১৭×১=১৭

১.১ নকল পুলিশ সেজে হরিদা মাস্টারমশায়ের কাছ থেকে কত ঘুষ নিয়েছিলেন ?

(ক) চার আনা (খ) আট আনা

(গ) এক টাকা (ঘ) দু' টাকা

১.২ "লল্লাটের লেখা তো খণ্ডাবে না।" — বক্তা কে ?

(ক) জগদীশ বাবু (খ) রাম দাস

(গ) গিরীশ মহাপাত্র (ঘ) অপূর্ব

১.৩ পান্নালাল প্যাটেল কোন্ ভাষার লেখক ছিলেন ?

(ক) পাঞ্জাবি (খ) মারাঠি

(গ) গুজরাতি (ঘ) হিন্দি

১.৪ "আমাদের শিশুদের শব
ছড়ানো রয়েছে — !"

(ক) কাছে (খ) দূরে

(গ) অনেক দূরে (ঘ) কাছে দূরে

১.৫ "ক্ষুরের দাপট তারায় লেগে উল্কা ছুটায় —।"

(ক) পাষাণ স্তূপে (খ) নীল খিলানে

(গ) গগন তলে (ঘ) ঝড় তুফানে

১.৬ "যথা বৃহন্নলারূপী কিরীটী," — 'কিরীটী' হলেন —

(ক) কার্তিক (খ) ভীম

(গ) অর্জুন (ঘ) রাবণ

১.৭ খাগের কলম কখন দেখা যায় ?

(ক) হাতেখড়ির সময় (খ) সরস্বতী পূজার সময়

(গ) হালখাতার সময় (ঘ) নববর্ষের সময়

১.৮ বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার একটি প্রধান বাধা হল —

(ক) বাংলা ভাষার প্রতি অনীহা (খ) ইংরেজির প্রতি আকর্ষণ

(গ) বাংলা পারিভাষিক শব্দ কম (ঘ) বাংলা পারিভাষিক শব্দ বেশি

১.৯ শেষ পর্যন্ত নিবের কলমের মান মর্যাদা কে একমাত্র বাঁচিয়ে রেখেছিলেন ?

(ক) অন্নদাশঙ্কর রায় (খ) সুনীল গঙ্গোপাধ্যায়

(গ) নিখিল সরকার (ঘ) সত্যজিৎ রায়

১.১০ 'নমি পুত্র <u>পিতার</u> চরণে,' নিম্নরেখ পদটি হল —

(ক) কর্তৃকারক (খ) সম্বন্ধপদ

(গ) সম্বোধনপদ (ঘ) কর্মকারক

১.১১ সূর্য উঠলে পদ্ম ফোটে। 'সূর্য' হল —

(ক) অনুক্ত কর্তা (খ) উক্ত কর্তা

(গ) নিরপেক্ষ কর্তা (ঘ) উপবাক্যীয় কর্তা

১.১২ 'শাপমুক্ত' — সমস্তপদটির সমাসের নাম —

(ক) করণ তৎপুরুষ (খ) অপাদান তৎপুরুষ

(গ) অধিকরণ তৎপুরুষ (ঘ) কর্ম তৎপুরুষ

১.১৩ 'শিশুর শরীর কুসুমের মতো কোমল।' — এই বাক্যে 'কোমল' হল —

(ক) উপমান (খ) উপমেয়

(গ) উপমিত (ঘ) সাধারণ ধর্ম

১.১৪ 'আই.পি.এল শুরু হল, যারা কলকাতার সমর্থক তারা উৎসাহী হয়ে উঠেছে।' — গঠন অনুসারে বাক্যটি —

(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য

(গ) যৌগিক বাক্য (ঘ) মিশ্র বাক্য

১.১৫ নির্দেশক বাক্যের একটি শ্রেণি হল —

(ক) প্রশ্নবাচক বাক্য (খ) শর্তসাপেক্ষ বাক্য

(গ) সন্দেহবাচক (ঘ) নঞর্থক বাক্য

১.১৬ ক্রিয়ার সঙ্গে কর্তার পুরুষবাচক বিভক্তি যুক্ত হয় —

(ক) কর্তৃবাচ্যে (খ) কর্মবাচ্যে

(গ) ভাববাচ্যে (ঘ) কর্মকর্তৃবাচ্যে

১.১৭ 'কাল থেকে সে আনন্দ করছে।'⟶'কাল থেকে তার আনন্দ করা হচ্ছে।'
এখানে যে বাচ্যান্তর ঘটেছে তা হল —

(ক) কর্তৃবাচ্য থেকে ভাববাচ্য (খ) ভাববাচ্য থেকে কর্মবাচ্য

(গ) কর্মবাচ্য থেকে ভাববাচ্য (ঘ) কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য

২। কম-বেশি **২০টি** শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : **১৯×১ = ১৯**

২.১ যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪×১ = ৪

২.১.১ ‘‘ভালো হবে না বলছি।’’ — কোন্ কথার পরিপ্রেক্ষিতে বক্তার এমন উক্তি ?

২.১.২ ‘‘এবার মারি তো গন্ডার, লুটি তো ভান্ডার।’’ — কথাগুলো কে কাদের বলেছিলেন ?

২.১.৩ "মিথ্যেবাদী কোথাকার !" — উদ্দিষ্ট ব্যক্তিকে কেন মিথ্যাবাদী বলা হয়েছে ?

২.১.৪ "আরও বেশি অপরিচিত মনে হইল।" — উদ্দিষ্টকে 'বেশি অপরিচিত' মনে হওয়ার কারণ কী?

২.১.৫ "এসো, আমরা কুস্তি লড়ি।" — কে, কার সঙ্গে কুস্তি লড়তে চেয়েছিল ?

২.২ যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪×১ = ৪

২.২.১ "সিন্ধুতীরে দেখি দিব্যস্থান।" — 'দিব্যস্থান' কেমন ছিল ?

২.২.২ "ঘাস জন্মালো রাস্তায়" — কখন রাস্তায় ঘাস জন্মালো ?

২.২.৩ "কৃপণ আলোর অন্তঃপুরে।" — আলোর কৃপণতার কারণ কী ?

২.২.৪ "নাদিলা কর্বুরদল হেরি বীরবরে," — 'কর্বুরদল' শব্দটির অর্থ কী ?

২.২.৫ "পৃথিবী হয়তো গেছে মরে" — পৃথিবী সম্পর্কে এমন বলার কারণ কী ?

২.৩ যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৩×১ = ৩

২.৩.১ "ইতিহাসে ঠাঁই কিন্তু তার পাকা।" — ইতিহাসে কার পাকা ঠাঁই ?

২.৩.২ অবিখ্যাত লেখকের বৈজ্ঞানিক রচনা প্রকাশের আগে কী সতর্কতা নেওয়া উচিত ?

২.৩.৩ "তার ফলে তাঁদের চেষ্টা অধিকতর সফল হয়েছে।" — 'তার ফলে' বলতে কী বোঝানো হয়েছে ?

২.৩.৪ একসময়ে বিদেশে উন্নত ধরনের নিব বের হয়েছিল কীভাবে ?

২.৪ যে কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও : ৮×১ = ৮

২.৪.১ বাংলায় কী দেখে কারক নির্ণয় করা হয় ?

২.৪.২ মুখ্য কর্মের একটি উদাহরণ দাও।

২.৪.৩ 'ঋষিবালক' — পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪ নীচের ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে তার শ্রেণি নির্ণয় করো —

'অন্ধ করে যে' —

২.৪.৫ 'সংগ্রহ করেছিল দুর্গমের রহস্য।' — জটিল বাক্যে রূপান্তর করো।

২.৪.৬ 'আমি ছিলাম কালিকলমের ভক্ত।' — বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে রূপান্তর করো।

২.৪.৭ ‘এসো যুগান্তের কবি।’ — ভাববাচ্যে পরিণত করো।

২.৪.৮ কর্মবাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৯ যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.১০ কোন্ সমাসে দুটি বিজাতীয় সমস্যমান পদের মধ্যে অভেদ কল্পনা করা হয় ?

**৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও :** ৩+৩=৬

৩.১ যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

৩.১.১ ‘‘এই সুখবরে তারা সব খুশি হয়ে গেল।’’ — কারা, কেন খুশি হয়েছিল ? (১+২)

৩.১.২ ‘‘এমন সময় ঘটল সেই ঘটনা।’’ — কোন্ ঘটনার কথা বলা হয়েছে ? ৩

৩.২ যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

৩.২.১ ‘‘আমি তাকে ছেড়ে দিলাম’’ — কে কাকে ছেড়ে দিয়েছিলেন ? (১+২)

৩.২.২ ‘‘দিগম্বরের জটায় হাসে শিশু-চাঁদের কর — ’’ দিগম্বর কে ? উদ্ধৃতিটির অর্থ কী ? (১+২)

**৪। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫

৪.১ ‘‘এমন সৌভাগ্যকে অপূর্বর মন যেন গ্রাহ্যই করিল না।’’ — এখানে কোন্ ঘটনার ইঙ্গিত করা হয়েছে ? তাকে ‘সৌভাগ্য’ বলা হল কেন ? (১+৪)

৪.২ ‘‘বড়ো চমৎকার আজকে এই সন্ধ্যার চেহারা।’’ — ‘এই সন্ধ্যার’ পরিচয় দাও। সে দিনের সন্ধ্যার ঘটনাটি বর্ণনা করো। (২+৩)

**৫। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫

৫.১ ‘‘আমরা ভিখারি বারোমাস।’’ — কোন্ পরিস্থিতিতে ‘আমরা’ বারোমাস ভিখারি ? এই অবস্থায় কী দরকার বলে কবি মনে করেন ? (৩+২)

৫.২ ‘‘পঞ্চকন্যা পাইলা চেতন।’’ — ‘পঞ্চকন্যা’ কারা ? কার চেষ্টায় কীভাবে পঞ্চকন্যা চেতনা ফিরে পেল ? (২+৩)

৬। **কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৫

৬.১ বাংলা ভাষায় বিজ্ঞান রচনার সমস্যাগুলি আলোচনা করো। ৫

৬.২ ''সব মিলিয়ে লেখালেখি রীতিমতো ছোটোখাটো একটা অনুষ্ঠান।'' — লেখালেখি ব্যাপারটিকে একটা ছোটোখাটো অনুষ্ঠান বলা হয়েছে কেন বুঝিয়ে লেখো। ৫

৭। **কম-বেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৪

৭.১ ''তোমাদের কাছে আমি লজ্জিত।'' — কে কার কাছে লজ্জিত ? তাঁর লজ্জিত হওয়ার কারণ ব্যাখ্যা করো। (১+৩)

৭.২ ''জানি না, আজ কার রক্ত সে চায়।'' — বক্তা কে ? বক্তার এমন মন্তব্যের কারণ কী ? (১+৩)

৮। **কম-বেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ২×৫ = ১০

৮.১ দারিদ্র্য আর বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই তা সংক্ষেপে বর্ণনা করো। ৫

৮.২ ''না। আমি নামব না।'' — বক্তার এমন অভিমানের কারণ কী ? শেষ পর্যন্ত কী ঘটল ? (২+৩)

৮.৩ ''এত কেচ্ছা সাধন করেন, বাঁচবেন কী করে ?'' — কে কোন প্রসঙ্গে কাকে কথাগুলি বলেছিলেন ? উদ্দিষ্ট ব্যক্তির কেচ্ছা সাধনের বর্ণনা দাও। (২+৩)

৯। **চলিত বাংলায় অনুবাদ করো :** ৪

We live in India and work for India. But we should not forget that we belong to the larger family of the world. The people living in other countries are after all our cousins. It would be such an excellent thing if all the people in the world were happy and contend.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৫

১০.১ মোবাইল ফোন ব্যবহারের ভালো মন্দ নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'জলা বুজিয়ে সবুজ ধ্বংস করে আবাসন নয়।' এই বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ১০

১১.১ মানব কল্যাণে বিজ্ঞান

১১.২ বই মানুষের শ্রেষ্ঠ সঙ্গী

১১.৩ দেশভ্রমণ শিক্ষার অঙ্গ

১১.৪ একটি কলমের আত্মকথা

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২। কম-বেশি ২০ টি শব্দের মধ্যে উত্তর দাও (যে কোনো চারটি): ১×৪

১২.১ "দুটো একটা পয়সা ফেলেও দিচ্ছে।" — কারা পয়সা ফেলে দিচ্ছে ?

১২.২ "তার আমি জামিন হতে পারি।" — কে কার জামিন হতে চেয়েছিল ?

১২.৩ অমৃত কেন কুস্তি লড়তে রাজি ছিল না ?

১২.৪ "আঁকড়ে ধরে সে-খড়কুটো" — 'সে-খড়কুটো' বলতে কী বোঝানো হয়েছে ?

১২.৫ "কে বধিল কবে প্রিয়ানুজে ?" —'প্রিয়ানুজ' কাকে বলা হয়েছে ?

১৩। কম-বেশি ৬০ টি শব্দের মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

১৩.১ "বুনো হাঁস ধরাই যে এদের কাজ ;" — বক্তা কে ? তার এই মন্তব্যের অর্থ বুঝিয়ে দাও। (১+২)

১৩.২ "বড়ো ভয় করিতে লাগিল নদের চাঁদের।" — নদের চাঁদ কে ? কখন তার ভয় করছিল ? (১+২)

১৩.৩ "ধিক্ মোরে!" — কে, কেন নিজেকে ধিক্কার দিয়েছেন ? (১+২)